সরকারকে অবশ্যই সংস্কার বাস্তবায়ন করতে হবে: নাসীরুদ্দীন পাটওয়ারী



নাসীরুদ্দীন পাটওয়ারী। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, সংস্কার বাস্তবায়নে বিএনপিসহ সব রাজনৈতিক শক্তিকে এগিয়ে আসতে হবে। তিনি বলেন, জনগণ পরিবর্তনের পক্ষে রায় দিয়েছে, তবে বাস্তবে সেই সংস্কার কার্যক্রম প্রত্যাশিত গতিতে এগোচ্ছে না।

শুক্রবার (১৯ জুন) সকালে বাগেরহাট সফরকালে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ের সময় তিনি এসব মন্তব্য করেন।

তিনি বলেন, সংস্কার ইস্যুতে জনসমর্থন থাকলেও বাস্তবায়নে ঘাটতি রয়েছে। এ কারণে তারা মাঠে নেমেছেন এবং সংস্কারের দাবিতে রাজনৈতিকভাবে সক্রিয় রয়েছেন।

নাসীরুদ্দীন পাটওয়ারী আরও বলেন, সীমান্ত পরিস্থিতি ও পুশইন ইস্যু নিয়ে কার্যকর আলোচনা ও পদক্ষেপের প্রয়োজন রয়েছে। একই সঙ্গে দেশের সার্বভৌমত্ব প্রশ্নে আরও কঠোর অবস্থান নেওয়ার আহ্বান জানান তিনি।

তিনি তার বক্তব্যে দেশের রাজনৈতিক প্রেক্ষাপট ও বিভিন্ন দলের অবস্থান নিয়েও মত দেন।

এর আগে তিনি বাগেরহাটে হযরত খানজাহান আলী (রহ.)-এর মাজার জিয়ারত করেন এবং ষাট গম্বুজ মসজিদ এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেন। পরে জুমার নামাজেও অংশ নেন।

স্থানীয় এনসিপি নেতাকর্মীরা এ সময় উপস্থিত ছিলেন।